দৈনিক ইত্তেফাক

তারিখ 24 APR 1992
পৃষ্ঠা ১ কলাম

# এসএসসি পরীক্ষার দ্বিতীয় দিনে ৪৫০ জন বহিষ্কৃত

ইত্তেফাক রিপোর্ট ॥ গতকাল (বৃহস্পতিবার) দেশের ৪টি শিক্ষা বোর্ডের এস, এস, সি পরীক্ষার দ্বিতীয় দিনে বাংলা দ্বিতীর পত্রের পরীক্ষা শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হয়। তবে পরীক্ষায় অসদুপায় অবলম্বন ও নকল সরবরাহের দায়ে ৪টি বোর্ডে প্রায় সাড়ে ৪ শত পরীক্ষার্থী বহিষ্কৃত ও ৪ জন শিক্ষক গ্রেফতার হয়।

রাজশাহী বোর্ডে বহিষ্কারের সংখ্যা বেশী। এই বোর্ডে ১৯৮ জন বহিষ্কৃত হইয়াছে। কুমিল্লা

(১১শ পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

## এস এস সি পরীক্ষা

( ১ম পৃঃ পর )

বোর্ডের চৌদ্দগ্রাম কেন্দ্রে ১৪৪ ধারা ভঙ্গের অভিযোগে ১২ জন বহিরাগত গ্রেফতার হয়। পরীক্ষার প্রথমদিনে বুধবার পটুয়াখালী কেন্দ্র হইতে ৬ জন বহিষ্কৃত হইলেও তাহারা গতকাল যথারীতি পরীক্ষা দিয়াছে।

ঢাকা শিক্ষা বোর্ডসূত্রে জানা যায়, নগরীতে শান্তিপূর্ণভাবে পরীক্ষা অনুষ্ঠিত হইয়াছে। এই বোর্ডের আওতাধীন ময়মনসিংহে ১২ জন, গাজীপুরে ১ জন, নরসিংদীতে ১০ জন, মুন্সিগঞ্জে ৩ জন, মানিকগঞ্জে ৩ জন, ফরিদপুরে ৭ জন, শরিয়তপুরে ১ জন, গোপালগঞ্জে ৩ জন, শেরপুরে ১ জন বহিষ্কৃত হয়।

রাজশাহী শিক্ষা বোর্ডের আওতাধীন দিনাজপুর জেলায় সবচাইতে বেশী (৭০ জন) বহিষ্কৃত হইয়াছে। ইহাছাড়া রাজশাহীতে ৭ জন, নাটোরে ১ জন, নওগাঁয় ১ জন, পাবনায় ৪ জন, বগুড়ায় ২৩ জন, রংপুরে ৪৬ জন, গাইবান্ধায় ১৩ জন, নীলফামারীতে ৭ জন. ঠাকুরগাঁওয়ে ১৬ জন, কুড়িগ্রামে ১০ জন বহিষ্কৃত হয়। রাজারহাট কেন্দ্র হইতে একজন শিক্ষককে গ্রেফতার করা হয়।

কুমিল্লা বোর্ডে মোট বহিষ্কারের সংখ্যা ১৭৩ জন। এই বোর্ডের চট্টগ্রামে ৪৮ জন, কক্সবাজারে ২৬ জন, ফেনীতে ১৫ জন, কুমিল্লায় ৫৯ জন, চাঁদপুরে ১২ জন, সিলেটে ১১ জন, হবিগঞ্জে ৪ জন, ব্রাহ্মণবাড়িয়ায় ৮ জন বহিষ্কৃত হয়। চট্টগ্রামের রাউজান হাইস্কুল কেন্দ্রে অতুল প্রসাদ. মোহাম্মদ আলী নামে ২ জন শিক্ষক গ্রেফতার হয়।

যশোর শিক্ষা বোর্ড বহিষ্কারের সঠিক কোন সংখ্যা জানায় নাই। ইত্তেফাকের যশোর অফিস জানায়, এই বোর্ডে গতকাল বহিষ্কারের সংখ্যা ১৮। কুষ্টিয়ায় ১৪ জন, যশোরে ২ জন, চুয়াডাঙ্গায় ১ জন, বাগেরহাটে ১ জন বহিষ্কৃত হয়।

আমাদের সংবাদদাতারা জানান: কুমিল্লার চৌদ্দগ্রাম কেন্দ্রে ১৪৪ ধারা ভঙ্গের অভিযোগে পুলিশ ১২ জনকে গ্রেফতার করে। মুরাদনগর কেন্দ্রে ১৪ জন, চান্দিনায় ৯ জন, দাউদকান্দিতে ৬ জন, বরুড়ায় ৬ জন, বুড়িচংয়ে ৬ জন, নাঙ্গলকোর্টে ৫ জন দেবীদ্বারে ৪ জন, ব্রাহ্মণপাড়ায় ৩ জন, কুমিল্লা-২ কেন্দ্রে ৩ জন, কুমিল্লা-১ কেন্দ্রে ১ জন, চৌদ্দগ্রামে ১ জন, হোমনায় ১ জন, জামালপুর বকসীগঞ্জের এন, এম হাইস্কুল কেন্দ্রে ২ জন, নরসিংদী সদর কেন্দ্রে ২ জন, শিবপুরে ৫ জন, মনোহরদীতে ৫ জন, পলাশ হইতে ২ জন, ঠাকুর গাঁওয়ের ৫টি কেন্দ্রে ১৬ জন, রংপুর জেলার ৮টি কেন্দ্রে ৪৬ জন, ফরিদপুর জেলার ৩টি কেন্দ্র ৭ জন, রাজবাড়ি সদর হইতে ৬ জন, ফেনী জেলার ৫টি কেন্দ্র হইতে ১৫জন ব্রাহ্মণবাড়িয়া জেলার ৪টি কেন্দ্র হইতে ৮ জন, কুড়িগ্রাম জেলার ৩টি কেন্দ্র হইতে ১০ জন, বগুড়া জেলার ৭টি কেন্দ্র হইতে ২৩ জন কুষ্টিয়া জেলার ৩টি কেন্দ্র হইতে ১৪ জনকে বহিষ্কার করা হয়।